

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 যুগ্মসচিব (অধিগ্রহণ-১) অধিশাখা
 ভূমি মন্ত্রণালয়
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনায় (Grievance Redress System-GRS) ভূমি মন্ত্রণালয়ের অভিযোগ নিষ্পত্তিতে অধিকতর কার্যকর পদক্ষেপ গ্রহণ করার লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী।

সভাপতি : জনাব মোঃ আকরাম হোসেন
 অতিরিক্ত সচিব ও অভিযোগ আপিল নিষ্পত্তি কর্মকর্তা
 ভূমি মন্ত্রণালয়।
 সভার তারিখ : ০৫/০৪/১৬ খ্রি.
 সময় : সকাল ১১.০০ ঘটিকা
 সভার স্থান : ভূমি মন্ত্রণালয়ের সভা কক্ষ

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা আলাদা পাতায় অন্তর্ভুক্ত।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি এ সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তাকে অনুরোধ করেন। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা সভাকে জানান মন্ত্রিপরিষদ বিভাগ জনপ্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা পদ্ধতি চালু করেছে। এ ব্যবস্থার আওতায় এ মন্ত্রণালয়ে পত্রযোগে ও অনলাইনে প্রাপ্ত অভিযোগের মাসিক প্রতিবেদন নিয়মিত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। কিন্তু মন্ত্রিপরিষদ বিভাগ অভিযোগগুলোর নিষ্পত্তির হার সন্তোষজনক নয় মর্মে জানিয়েছেন। তিনি জানান যে জানুয়ারি ও ফেব্রুয়ারি ২০১৬ মাসে কোন অভিযোগ অনিষ্পন্ন না থাকলেও ডিসেম্বর ২০১৫ ও তৎপূর্ববর্তী মাসসমূহে বিভিন্ন শাখায়/অধিশাখায় মোট ৮৩টি অভিযোগ অনিষ্পন্ন আছে যার পরিসংখ্যান নিম্নরূপ:

মাসের নাম	প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট (১+২)	নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
	পত্র/ দরখাস্তযোগে	অনলাইনে				
১	২	৩	৪	৫	৬	৭
মার্চ/১৫	০৫	০০	০৫	০১	০৪	
এপ্রিল/১৫	৩৮	০০	৩৮	১১	২৭	
মে/১৫	২৭	০০	২৭	০৭	২০	
জুন/১৫	১২	০০	১২	০১	১১	
জুলাই/১৫	০৭	০০	০৭	০০	০৭	
আগস্ট/১৫	১৩	০০	১৩	০৯	০৪	
সেপ্টেম্বর/১৫	১১	০০	১১	০৮	০৩	
অক্টোবর/১৫	১৫	০০	১৫	১১	০৪	
নভেম্বর/১৫	০৫	০০	০৫	০৪	০১	
ডিসেম্বর/১৫	০৫	০০	০৫	০৩	০২	
জানুয়ারি/১৬	১১	০০	১১	১১	০০	
ফেব্রুয়ারি/১৬	১২	০০	১২	১২	০০	
মোট:	১৬১	০০	১৬১	৭৮	৮৩	

এ সমস্ত অনিষ্পন্ন অভিযোগসমূহের জরুরি নিষ্পত্তি এবং সে মর্মে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা আবশ্যিক বলে তিনি উল্লেখ করেন। এ অভিযোগগুলো নিষ্পত্তি করা হলে নিষ্পত্তির হার সন্তোষজনক পর্যায়ে উন্নীত হবে। এছাড়া যে সকল অভিযোগ অধঃস্তন বা মাঠ পর্যায়ের অফিসে চূড়ান্ত নিষ্পত্তি হবে সেগুলো ফলোআপ এর ব্যবস্থা নিতে হবে বলেও তিনি জানান।

২। সভার আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- ক) শাখা/অধিশাখা থেকে প্রতিমাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে নির্ধারিত ফরম্যাটে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার নিকট প্রতিবেদন দাখিল করতে হবে।
- খ) যে সকল শাখা/অধিশাখার ইতঃপূর্বে অভিযোগ অনিষ্পন্ন রয়েছে তা ইতোমধ্যে নিষ্পত্তি হয়ে থাকলে তার প্রতিবেদন এবং না হয়ে থাকলে নিষ্পত্তিপূর্বক প্রতিবেদন আগামী ৭ (সাত) কর্ম দিবসের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার ইতি টানেন।

স্বাক্ষরিত/-

তারিখ-১১/০৪/১৬

(মোঃ আকরাম হোসেন)

সভাপতি

ও

অতিরিক্ত সচিব

ভূমি মন্ত্রণালয়।

তারিখ: ১১/০৪/২০১৬ খ্রি.

স্মারক নম্বর-ভূ.ম./যুস(খাসজমি)/অভিযোগ তদন্ত-১/২০১৫-১৮

অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- ১। উপসচিব (সকল)..... অধিশাখা, ভূমি মন্ত্রণালয়।
- ২। সিনিয়র সহকারী সচিব (সকল)..... শাখা, ভূমি মন্ত্রণালয়।
- ৩। সহকারী সচিব (সকল)শাখা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়।

এস.এম. মনিরুল ইসলাম)

যুগ্মসচিব (অধিগ্রহণ-১)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা।